# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, আইন ও বিচার বিভাগ, নিবন্ধন অধিদপ্তর

## সাব-রেজিস্ট্রারের কার্যালয়, ভৈরব, কিশোরগঞ্জ

www.sr.bhairab.kishoreganj.gov.bd

## অত্র কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter)

### ১. ভিশন ও মিশনঃ

**ভিশনঃ** রেজিস্ট্রেশন ব্যবস্থার উন্নয়ন সাধন করে সেবা প্রার্থীদেরকে দ্রুততম সময়ে মানসম্পন্ন রেজিস্ট্রেশন সার্ভিস প্রদান।

**মিশনঃ** স্বল্পতম সময়ে দলিলের রেজিস্ট্রেশন সম্পন্নকরণ ও দলিলের নকল প্রাপ্তি।

### ২. প্রতিশ্রুত সেবাসমূহঃ- ২.১ নাগরিক সেবাঃ

| ক্রঃ নং | সেবার নাম | সেবা প্রদানে সর্বোচ্চ সময় | প্রয়োজনীয় কাগজপত্র | প্রয়োজনীয় কাগজপত্র/ আবেদন ফরম প্রাপ্তিস্থান | অর্থ পরিশোধ পদ্ধতি | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পদবি, রুম নম্বর, অফিসিয়াল টেলিফোন ও ইমেইল | উর্ধতন কর্মকর্তার পদবি, রুম নম্বর, অফিসিয়াল টেলিফোন ও ইমেইল |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | নিবন্ধনের জন্য দলিল গ্রহণ | ১ দিন | ০১। দলিলের পক্ষগণের সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের ছবি ।<br>০২। দলিলের পক্ষগণের জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট এর মূলকপি ।<br>০৩। ক্ষমতাপত্র এটর্নি/প্রতিনিধি/অভিভাবক হলে এটর্নি/প্রতিনিধি/অভিভাবকের সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের ছবি এবং উপর্যুক্ত ব্যক্তি বা ব্যক্তিসমূহের জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট এর মূলকপি ।<br>০৪। দাতা/দাতাগণের মালিকানা স্বত্ব প্রমাণের জন্য সি.এস./এস.এ./আর.এস./বি.এস./খারিজ খতিয়ান ও ডি.সি.আর এর মূল/সার্টিফাইড কপি ।<br>০৫। রেফারেন্স দলিল থাকলে উক্ত দলিলসমূহের মূল/সার্টিফাইড কপি ।<br>০৬। পৌরসভা ও ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন ১০ লক্ষাধিক টাকা মূল্যের সম্পত্তি হস্তান্তরের ক্ষেত্রে দাতা ও গ্রহীতা এবং পাঁচ লক্ষাধিক টাকার বন্ধকী দলিল নিবন্ধনকালে ঋণ গ্রহীতার আয়কর রিটার্ন দাখিলের প্রমাণক উপস্থাপন করিতে হইবে। এছাড়া যেকোন বন্ধকী দলিল নিবন্ধনকালে বন্ধককৃত সম্পত্তির মালিকানা সংক্রান্ত কাগজপত্রের সহিত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত ঋণ গ্রহণের মঞ্জুরীপত্র সংযোজন করতে হবে।<br>০৭। হাল সনের ভূমি উন্নয়ন কর রশিদের মূলকপি।<br>০৮। সম্পত্তি উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত হলে উত্তরাধিকার সনদ।<br>০৯। হস্তান্তরাধীন সম্পত্তির ন্যূনপক্ষে ২৫ বছরের মালিকানার ধারাবাহিক বিবরণে মালিকানা স্বত্বের প্রমাণ হিসাবে যেসব কাগজপত্রের উল্লেখ করা হইয়াছে তাহা অবশ্যই প্রদান করিতে হইবে (যেমন- চূড়ান্ত খতিয়ান, রেফারেন্স দলিল প্রভৃতি)<br>১০। উইল ব্যতীত কোন সম্পত্তির ম্যাপ বা প্ল্যান সম্বলিত দলিল নিবন্ধনের জন্য নিবন্ধন আইন-১৯০৮ সনের ২১(৪) ধারার বিধান মোতাবেক উপর্যুক্ত সম্পত্তির ম্যাপ বা প্ল্যানের অবিকল নকল ।<br>১১। স্থাবর সম্পত্তির হস্তান্তর দলিল নিবন্ধনের ক্ষেত্রে যথাযথভাবে পূরণকৃত ভূমি হস্তান্তর নোটিশ (১০ টাকার কোর্ট ফি সংযুক্ত) তিন কপি এবং যেক্ষেত্রে সহ-অংশীদারগণ দলিলের পক্ষভুক্ত নন সেক্ষেত্রে প্রত্যেক সহ-অংশীদার প্রজার উপর জারির উদ্দেশ্যে অভিপ্রেত নোটিশের প্রয়োজনীয় সংখ্যক কপি (প্রতিটি নোটিশের সহিত ৫ টাকার কোর্ট ফি সংযুক্ত)। যে পক্ষের উপর নোটিশ জারি করিতে হইবে তাহার/তাহাদের নাম ও ঠিকানা যথাযথভাবে লিখিত প্রয়োজনীয় সংখ্যক খাম এবং নোটিশটি নিবন্ধিত ডাকে প্রেরণের জন্য যথাযথভাবে পূরণকৃত প্রাপ্তিস্বীকারপত্রসহ প্রয়োজনীয় ডাক টিকেট সংযোজন করতে হবে।<br>১২। পে-অর্ডারের মাধ্যমে স্ট্যাম্প শুল্ক, ফিস ও করাদি পরিশোধিত হইলে সংশ্লিষ্ট পে-অর্ডারের ১ সেট ফটোকপি।<br>১৩। দলিলের প্রকৃতি অনুযায়ী প্রয়োজনীয় অন্যান্য কাগজপত্র।<br>[বিশেষ দ্রষ্টব্যঃ নিবন্ধনের জন্য দলিল দাখিলের সময় দলিলের পক্ষগণের জাতীয় পরিচয়পত্র/ পাসপোর্ট ও উপর্যুক্ত কাগজপত্রের মূল/সার্টিফাইড কপি সাব-রেজিস্ট্রারকে প্রদর্শন করিতে হইবে। এছাড়া স্থাবর সম্পত্তির হস্তান্তর নোটিশের সাথে পক্ষগণের স্বাক্ষর সংবলিত সকল কাগজপত্রের ২ সেট ফটোকপি সংযুক্ত করা বাধ্যতামূলক। অন্যথায় নিবন্ধনের জন্য দলিল গ্রহণ করা হইবে না ।] | ০১। ব্যক্তির নিজ উদ্যোগে।<br>০২। ব্যক্তির নিজ উদ্যোগে।<br>০৩। ব্যক্তির নিজ উদ্যোগে।<br>০৪। সংশ্লিষ্ট ব্যক্তি/সংশ্লিষ্ট জেলা প্রশাসক -এর কার্যালয়ের সেটেলমেন্ট রেকর্ডরুম/ সহকারী কমিশনার (ভূমি) -এর কার্যালয়।<br>০৫। সংশ্লিষ্ট ব্যক্তি/ সংশ্লিষ্ট সাব-রেজিস্ট্রি অফিস/ সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার এর কার্যালয়ের মহাফেজখানা।<br>০৬। ব্যক্তির নিজ উদ্যোগে এবং সংশ্লিষ্ট ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান।<br>০৭। সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌর ভূমি অফিস।<br>০৮। ব্যক্তির নিজ উদ্যোগে।<br>০৯। সংশ্লিষ্ট ব্যক্তি/ সংশ্লিষ্ট সাব-রেজিস্ট্রি অফিস/ সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার এর কার্যালয়ের মহাফেজখানা/ সংশ্লিষ্ট জেলা প্রশাসক -এর কার্যালয়ের সেটেলমেন্ট রেকর্ডরুম।<br>১০। সংশ্লিষ্ট ব্যক্তি/ সংশ্লিষ্ট জেলা প্রশাসক -এর কার্যালয়ের সেটেলমেন্ট রেকর্ডরুম।<br>১১। লাইসেন্স প্রাপ্ত স্ট্যাম্প ভেন্ডার।<br>১২। ব্যক্তির নিজ উদ্যোগে।<br>১৩। ব্যক্তির নিজ উদ্যোগে। | দলিল রেজিস্ট্রেশনের জন্য যাবতীয় ফিসাদি স্থানীয় সোনালী ব্যাংক এর ট্রেজারি শাখায় জমা প্রদান করতে হবেঃ<br>১। রেজিস্ট্রেশন ফি, ই ফি এবং এন ফি একসাথে একটি পে-অর্ডারের মাধ্যমে কোড নং ১-২১৬১-০০০০-১৮২৬ তে জমা প্রদান করতে হবে।<br>২) স্ট্যাম্প শুল্ক (দলিলে ব্যবহৃত স্ট্যাম্প বাদে) পে-অর্ডারের মাধ্যমে কোড নং ১-১১০১-০০২০-১৩১১ তে জমা প্রদান করতে হবে।<br>দলিলে সর্বোচ্চ ১২০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প ব্যবহার করা যাবে।<br>৩) স্থানীয় সরকার কর সাব-রেজিস্ট্রি অফিস সংলগ্ন NRBC ব্যাংক বুথে জমা প্রদান করতে হব। যেখানে NRBC ব্যাংকের বুথ নেই সেখানে সোনালী ব্যাংকে সংশ্লিষ্ট সাব- রেজিস্ট্রারের ব্যাংক হিসাবে জমা প্রদান করতে হবে।<br>৪) উৎসে কর (১২৫) পে-অর্ডারের মাধ্যমে কোড নং ১১১১১০১ তে জমা প্রদান করতে হবে।<br>৫) এনএন ফি নগদে অফিসে জমা প্রদান করতে হবে।<br>ভূমি উনয়ন সংস্থা বা ভবন নির্মান সংস্থা কর্তৃক প্রদেয় অতিরিক্ত ফিসাদিঃ<br>১) উৎসে আয়কর (১২৬) পে-অর্ডারের মাধ্যমে কোড নং ১১১২১০১ তে জমা প্রদান করতে হবে।<br>২। ভ্যাট/মূসক চালানের মাধ্যমে সংশ্লিষ্ট শুল্ক, আবগারী ও ভ্যাট কমিশনারেট বরাবর কোড নং ১১৪১১০১ তে জমা প্রদান করতে হবে | সাব-রেজিস্ট্রার, ভৈরব, কিশোরগঞ্জ srobhairab@gmail.com | জেলা রেজিস্ট্রার কিশোরগঞ্জ |
| ২. | দলিলের নকল সরবরাহ | ৭ দিন | ১। তল্লাশ ও পরিদর্শনের জন্য যথাযথভাবে পূরণকৃত আবেদন ফরম ।<br>২। নকলের জন্য যথাযথভাবে পূরণকৃত আবেদন ফরম (২০ টাকার কোর্ট ফি সংযুক্ত) । | ১। কার্যালয়ের হেল্প ডেস্ক ও ওয়েবসাইটঃ www.sr.bhairab.kishoreganj.gov.bd<br>২। লাইসেন্স প্রাপ্ত স্ট্যাম্প ভেন্ডার। | ১। নকলের আবেদনপত্রের সঙ্গে কোর্ট ফিসের মাধ্যমে ২০ টাকা আদায়যোগ্য ।<br>২। প্রতি দলিলে সংশ্লিষ্ট ব্যক্তির নাম বা অন্তর্ভূক্ত সম্পত্তির বিবরণ সংক্রান্ত প্রতিটি ভূক্তির সূচি তল্লাশির ক্ষেত্রেঃ এক বছরের জন্য ২০ টাকা ও একাধিক বছরের ক্ষেত্রে প্রথম বছরের জন্য ২০ টাকা ও পরবর্তী বছরের জন্য ১৫ টাকা হারে এফ (১) ফিস নগদে আদায়যোগ্য। তবে এই ফির পরিমাণ ১৫০ টাকার অধিক হইবে না। এছাড়া আবেদনে নিরূপিত প্রাপ্যতার অধিক ভূক্তি সম্পর্কে টোকা গ্রহণ করিলে অতিরিক্ত আরও ১৫০ টাকা নগদে আদায়যোগ্য ।<br>বিঃ দ্রঃ আবেদনের সহিত নিবন্ধিত মূল দলিল বা উহার সার্টিফাইড কপি দাখিল করা হইলে কিংবা দলিল নিবন্ধনের সময় উহার নকলের আবেদন করা হইলে তল্লাশ ফিস প্রদান করিতে হইবে না।<br>৩। ১, ৩ ও ৪ নং বহিতে অন্তর্ভূক্ত প্রতিটি নকল অথবা অন্যান্য রেজিস্টার বা বহি বা কোন সুনির্দিষ্ট দলিল বা নথির কোন পৃষ্ঠা পরিদর্শনের জন্য ১০ টাকা হারে এফ(২) ফিস নগদে আদায়যোগ্য।<br>বিঃ দ্রঃ নকলের আবেদন দাখিলের পূর্বেই তল্লাশ ও পরিদর্শনের ফিস পরিশোধ করিতে হইবে।<br>৪। প্রতি ৩০০ শব্দবিশিষ্ট ১ পৃষ্ঠা বা উহার অংশের জন্য জি(এ) ফিস ২৪/- টাকা এবং জিজি ফিস ৩৬/- টাকা নগদে আদায়যোগ্য ।<br>৫। প্রার্থীত নকলের জন্য অগ্রাধিকার চাহিলে অতিরিক্ত ৫০/- টাকা বা নকলটি প্রতি পৃষ্ঠায় ৩০০ শব্দবিশিষ্ট চার পৃষ্ঠার অধিক হইলে প্রতি পৃষ্ঠার জন্য ১৫/- টাকা হারে জি(বি) ফিস নগদে আদায়যোগ্য।<br>বিঃ দ্রঃ ইতোমধ্যে নিবন্ধিত কোন দলিলের মুদ্রিত বা টাইপকৃত নকল দাখিল করিয়া উহাকে "অবিকল নকল" মর্মে প্রত্যয়নযুক্তরূপে পাইবার জন্য আবেদন করিলে জি(এ), জি(বি) ও জিজি ফিসের পরিমাণ ধার্যযোগ্য ফিসের অর্ধেক হইবে ।<br>৬। এছাড়া যেসব দলিলের অনূর্ধ্ব ১০০০ টাকা স্ট্যাম্প শুল্ক প্রযোজ্য সেসব দলিলের নকলের ক্ষেত্রে ১০০/- টাকার স্ট্যাম্প শুল্ক প্রযোজ্য এবং অন্যান্য ক্ষেত্রে ২০০ টাকার স্ট্যাম্প শুল্ক প্রযোজ্য। | সাব-রেজিস্ট্রার, ভৈরব, কিশোরগঞ্জ srobhairab@gmail.com | জেলা রেজিস্ট্রার কিশোরগঞ্জ |
| ৩. | রেজিস্ট্রেশন অন্তে মূল দলিল ফেরৎ প্রদান | ৪ বছর বা অফিস ভেদে ভিন্নতা রহিয়াছে | নিবন্ধন আইন-১৯০৮ এর ৫২(১) (খ) ধারার অধীন ইস্যুকৃত রসিদ। | নিবন্ধনের জন্য দলিল গ্রহণের সময় অত্র কার্যালয় কর্তৃক দলিলের দাখিলকারীকে প্রদান করা হয় । | নিবন্ধন সম্পন্ন হওয়ার পর কোন দলিল এক মাসের অধিক সময় দাবিবিহীন থাকিলে নিবন্ধনের পর প্রথম মাসের পরবর্তী প্রতি মাস বা উহার অংশবিশেষের জন্য ৫ টাকা হারে "ও" ফিস নগদে আদায়যোগ্য। তবে এই ফিসের পরিমাণ অনূর্ধ্ব ১০০ টাকা হইবে। | সাব-রেজিস্ট্রার, ভৈরব, কিশোরগঞ্জ srobhairab@gmail.com | জেলা রেজিস্ট্রার কিশোরগঞ্জ |
| ৪. | পাওয়ার অব এটর্নি দলিল প্রমাণীকরণ | ১ দিন | ১। দলিলের পক্ষগণের সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের ছবি ।<br>২। দলিলের পক্ষগণ ও সনাক্তকারীর জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট এর মূলকপি ।<br>[বিশেষ দ্রষ্টব্যঃ প্রমাণীকরণের সময় দলিলের পক্ষগণ ও সনাক্তকারীর জাতীয় পরিচয়পত্র/ পাসপোর্ট এর মূল কপি সাব-রেজিস্ট্রারকে প্রদর্শন করিতে হইবে এবং পক্ষগণের স্বাক্ষর সংবলিত এক সেট ফটোকপি কার্যালয়ে জমা প্রদান করতে হইবে। অন্যথায় দলিল প্রমাণীকরণ করা হইবে না ।] | ব্যক্তির নিজ উদ্যোগে। | ১। বিশেষ পাওয়ার অব এটর্নির ক্ষেত্রে ১০০ টাকা ও সাধারণ পাওয়ার অব এটর্নির ক্ষেত্রে ২০০ টাকা "এল" ফিস নগদে আদায়যোগ্য ।<br>২। বিশেষ পাওয়ার অব এটর্নি দলিলের ক্ষেত্রে ৮০০ টাকা ও সাধারণ পাওয়ার অব এটর্নি দলিলের ক্ষেত্রে ১৫০০ টাকার স্ট্যাম্প শুল্ক প্রযোজ্য। | সাব-রেজিস্ট্রার, ভৈরব, কিশোরগঞ্জ srobhairab@gmail.com | জেলা রেজিস্ট্রার কিশোরগঞ্জ |
| ৫. | প্রমাণীকৃত পাওয়ার অব এটর্নি দলিল ফেরৎ প্রদান | ১ দিন | নিবন্ধন আইন-১৯০৮ এর ৫২(১)(খ) ধারার অধীন ইস্যুকৃত রসিদ। | দলিল প্রমাণীকরণের সময় অত্র কার্যালয় কর্তৃক দলিলের দাখিলকারীকে প্রদান করা হয়। | প্রমাণীকরণ সম্পন্ন হওয়ার পর কোন পাওয়ার অব এটর্নি দলিল এক মাসের অধিক সময় দাবিবিহীন থাকিলে প্রমাণীকরণের পর প্রথম মাসের পরবর্তী প্রতি মাস বা উহার অংশবিশেষের জন্য ৫ টাকা হারে "ও" ফিস নগদে আদায়যোগ্য । তবে এই ফিসের পরিমাণ অনূর্ধ্ব ১০০ টাকা হইবে । | সাব-রেজিস্ট্রার, ভৈরব, কিশোরগঞ্জ srobhairab@gmail.com | জেলা রেজিস্ট্রার কিশোরগঞ্জ |
| ৬. | রেজিস্ট্রেশন বিষয়ে পরামর্শ প্রদান | ১ দিন | প্রযোজ্য নয়। | প্রযোজ্য নয়। | নিবন্ধনকারী কর্মকর্তার সাক্ষাতের জন্য ন্যূনপক্ষে ১ দিন পূর্বে এপয়েন্টমেন্ট গ্রহণ । | সাব-রেজিস্ট্রার, ভৈরব, কিশোরগঞ্জ srobhairab@gmail.com | জেলা রেজিস্ট্রার কিশোরগঞ্জ |
| ৭. | সম্পত্তি হস্তান্তর সংক্রান্ত তথ্য প্রদান | ৭ দিন বা প্রযোজ্য ক্ষেত্রে ৩০ দিন | তল্লাশ ও পরিদর্শনের জন্য যথাযথভাবে পূরণকৃত আবেদন ফরম। | কার্যালয়ের হেল্পডেস্ক ও ওয়েবসাইটঃ www.sr.bhairab.kishoreganj.gov.bd | ১। প্রতি দলিলে সংশ্লিষ্ট ব্যক্তির নাম বা অন্তর্ভূক্ত সম্পত্তির বিবরণ সংক্রান্ত প্রতিটি ভূক্তির সূচি তল্লাশির ক্ষেত্রেঃ এক বছরের জন্য ২০ টাকা ও একাধিক বছরের ক্ষেত্রে প্রথম বছরের জন্য ২০ টাকা ও পরবর্তী বছরের জন্য ১৫ টাকা হারে এফ (১) ফিস নগদে আদায়যোগ্য । তবে এই ফির পরিমাণ ১৫০ টাকার অধিক হইবে না । এছাড়া আবেদনে নিরূপিত প্রাপ্যতার অধিক ভূক্তি সম্পর্কে টোকা গ্রহণ করিলে অতিরিক্ত আরও ১৫০ টাকা নগদে আদায়যোগ্য ।<br>২। ১, ৩ ও ৪ নং বহিতে অন্তর্ভূক্ত প্রতিটি নকল অথবা অন্যান্য রেজিস্টার বা বহি বা কোন সুনির্দিষ্ট দলিল বা নথির কোন পৃষ্ঠা পরিদর্শনের জন্য ১০ টাকা হারে এফ(২) ফিস নগদে আদায়যোগ্য । | সাব-রেজিস্ট্রার, ভৈরব, কিশোরগঞ্জ srobhairab@gmail.com | জেলা রেজিস্ট্রার কিশোরগঞ্জ |
| ৮. | সূচি বহি তল্লাশকরণ বা রেজিস্টার বহি পরিদর্শনে সহায়তা প্রদান | ১ দিন | তল্লাশ বা পরিদর্শনের জন্য জমাকৃত ফিসের রসিদ। | তল্লাশ বা পরিদর্শনের জন্য আবেদনের সময় অত্র কার্যালয় কর্তৃক আবেদনকারীকে প্রদান করা হয়। | সূচি বহি তল্লাশ বা বালাম পরিদর্শনের জন্য প্রতি বছর প্রতি ব্যক্তির নাম বা সম্পত্তির জন্য ৫ টাকা হারে দলিল লেখকগণ কর্তৃক নগদে আদায়যোগ্য । | সনদপ্রাপ্ত দলিল লেখক | সাব-রেজিস্ট্রার, ভৈরব, কিশোরগঞ্জ srobhairab@gmail.com |
| ৯. | দলিল প্রস্তুতকরণে সহায়তা প্রদান | ১ দিন | ০১। দলিলের পক্ষগণের সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের ছবি ।<br>০২। দলিলের পক্ষগণের জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট এর মূলকপি ।<br>০৩। ক্ষমতাপত্র এটর্নি/প্রতিনিধি/অভিভাবক হলে এটর্নি/প্রতিনিধি/অভিভাবকের সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের ছবি এবং উপর্যুক্ত ব্যক্তি বা ব্যক্তিসমূহের জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট এর মূলকপি ।<br>০৪। দাতা/দাতাগণের মালিকানা স্বত্ব প্রমাণের জন্য সি.এস./এস.এ./আর.এস./বি.এস./খারিজ খতিয়ান ও ডি.সি.আর এর মূল/সার্টিফাইড কপি ।<br>০৫। রেফারেন্স দলিল থাকলে উক্ত দলিলসমূহের মূল/সার্টিফাইড কপি ।<br>০৬। পৌরসভা ও ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন ১০ লক্ষাধিক টাকা মূল্যের সম্পত্তি হস্তান্তরের ক্ষেত্রে দাতা ও গ্রহীতা এবং পাঁচ লক্ষাধিক টাকার বন্ধকী দলিল নিবন্ধনকালে ঋণ গ্রহীতার আয়কর রিটার্ন দাখিলের প্রমাণক উপস্থাপন করিতে হইবে। এছাড়া যেকোন বন্ধকী দলিল নিবন্ধনকালে বন্ধককৃত সম্পত্তির মালিকানা সংক্রান্ত কাগজপত্রের সহিত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত ঋণ গ্রহণের মঞ্জুরীপত্র সংযোজন করতে হবে।<br>০৭। হাল সনের ভূমি উন্নয়ন কর রশিদের মূলকপি।<br>০৮। সম্পত্তি উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত হলে উত্তরাধিকার সনদ।<br>০৯। হস্তান্তরাধীন সম্পত্তির ন্যূনপক্ষে ২৫ বছরের মালিকানার ধারাবাহিক বিবরণে মালিকানা স্বত্বের প্রমাণ হিসাবে যেসব কাগজপত্রের উল্লেখ করা হইয়াছে তাহা অবশ্যই প্রদান করিতে হইবে (যেমন- চূড়ান্ত খতিয়ান, রেফারেন্স দলিল প্রভৃতি)<br>১০। উইল ব্যতীত কোন সম্পত্তির ম্যাপ বা প্ল্যান সম্বলিত দলিল নিবন্ধনের জন্য নিবন্ধন আইন-১৯০৮ সনের ২১(৪) ধারার বিধান মোতাবেক উপর্যুক্ত সম্পত্তির ম্যাপ বা প্ল্যানের অবিকল নকল ।<br>১১। দলিলের প্রকৃতি অনুযায়ী প্রয়োজনীয় অন্যান্য কাগজপত্র। | ০১। ব্যক্তির নিজ উদ্যোগে।<br>০২। ব্যক্তির নিজ উদ্যোগে।<br>০৩। ব্যক্তির নিজ উদ্যোগে।<br>০৪। সংশ্লিষ্ট ব্যক্তি/সংশ্লিষ্ট জেলা প্রশাসক -এর কার্যালয়ের সেটেলমেন্ট রেকর্ডরুম/ সহকারী কমিশনার (ভূমি) -এর কার্যালয়।<br>০৫। সংশ্লিষ্ট ব্যক্তি/ সংশ্লিষ্ট সাব-রেজিস্ট্রি অফিস/ সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার এর কার্যালয়ের মহাফেজখানা।<br>০৬। ব্যক্তির নিজ উদ্যোগে এবং সংশ্লিষ্ট ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান।<br>০৭। সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌর ভূমি অফিস।<br>০৮। ব্যক্তির নিজ উদ্যোগে।<br>০৯। সংশ্লিষ্ট ব্যক্তি/ সংশ্লিষ্ট সাব-রেজিস্ট্রি অফিস/ সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার এর কার্যালয়ের মহাফেজখানা/সংশ্লিষ্ট জেলা প্রশাসক -এর কার্যালয়ের সেটেলমেন্ট রেকর্ডরুম।<br>১০। সংশ্লিষ্ট ব্যক্তি/ সংশ্লিষ্ট জেলা প্রশাসক -এর কার্যালয়ের সেটেলমেন্ট রেকর্ডরুম।<br>১১। ব্যক্তির নিজ উদ্যোগে। | ১। প্রতি ৩০০ শব্দ বা তাঁর অংশ মুসাবিদার জন্য ১৫ টাকা হারে দলিল লেখকগণ কর্তৃক নগদে আদায়যোগ্য ।<br>২। মুসাবিদা হতে দলিল লিখন ও রেজিস্ট্রির বিষয়ে যাবতীয় সহায়তাকল্পে প্রতি ৩০০ শব্দ বা তাঁর অংশের জন্য ১০ টাকা হারে দলিল লেখকগণ কর্তৃক নগদে আদায়যোগ্য।<br>৩। স্মরণ শক্তি হতে দলিল লিখন ও রেজিস্ট্রির বিষয়ে যাবতীয় সহায়তাকল্পে প্রতি ৩০০ শব্দ বা তাঁর অংশের জন্য ১৫ টাকা হারে দলিল লেখকগণ কর্তৃক নগদে আদায়যোগ্য। | সনদপ্রাপ্ত দলিল লেখক | সাব-রেজিস্ট্রার, ভৈরব, কিশোরগঞ্জ srobhairab@gmail.com |
| ১০ | যাবতীয় দরখাস্ত লিখনে সহায়তা প্রদান | ১ দিন | প্রযোজ্য নয় । | প্রযোজ্য নয় । | দরখাস্ত লিখন ও পূরণ করিবার জন্য ৫ টাকা হারে দলিল লেখকগণ কর্তৃক নগদে আদায়যোগ্য। | সনদপ্রাপ্ত দলিল লেখক | সাব-রেজিস্ট্রার, ভৈরব, কিশোরগঞ্জ srobhairab@gmail.com |